গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
sufoullahpara@fisheries.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৮৮৯৪.৫০১.৩৬.১৪১.২১.১৪৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯ / ২১ সেপ্টেম্বর ২০২২

**সভার নোটিশ**

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে এক মতবিনিময় সভা আগামী ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ- এর সভাপতিত্বে হ্যাচারী কমপ্লেক্স, উল্লাপাড়ায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

২৮/০৯/২২
(মোঃ বায়েজিদ আলম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন: +৮৮০২৫৮৮৮৩৩৮৯৬ (অফিস)
ইমেইল: sufoullahpara@fisheries.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৮৮৯৪.৫০১.৩৬.১৪১.২১.১৪৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯ / ২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)
১. জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ
২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৩. মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৪. সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৪. ---------------------------------------------------------------------------------------।
৫. অফিস কপি।

২৮/০৯/২২
(মোঃ বায়েজিদ আলম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন: +৮৮০২৫৮৮৮৩৩৮৯৬ (অফিস)
ইমেইল: sufoullahpara@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
sufoullahpara@fisheries.gov.bd

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ বায়েজিদ আলম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
স্থান: হ্যাচারী কমপ্লেক্স, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
তারিখ : ২৮/০৯/২০২২ খ্রি.
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

**উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিদের নামের তালিকাঃ** পরিশিষ্ট 'ক'

১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ মোতাবেক সিটিজেন চার্টার ও উত্তমচর্চা বাস্তবায়নে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সিটিজেন চার্টারে উল্লিখিত মৎস্য দপ্তরের ভিশন ও মিশন নিয়ে আলোচনা করা হয়।

২। অত:পর সভাপতির অনুমতিক্রমে মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জনাব মোঃ জহিরুল ইসলাম আলোচ্যসূচী অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন। দাপ্তরিক পর্যায়ে এবং অংশীজনের সাথে শুদ্ধাচার/ উত্তমচর্চা প্রতিপালন করার ক্ষেত্রে সকলের আন্তরিকতা ও নিষ্ঠার বিষয়টি তুলে ধরেন। বিভিন্ন পর্যায়ের অংশীজনকে সেবা গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র এবং শর্তসমূহ নিয়ে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট অংশীজনকে ০৭-২৮ অক্টোবর-২০২২ মা ইলিশ সংরক্ষণ অবিযান সফল করার ক্ষেত্রে সকলকে অবগত করা হয় এবং সহয়োগিতা চাওয়া হয়।

৩। সভায় উপস্থিত মৎস্যচাষী জনাব মোঃ আমজাদ হোসেন, মৎস্য খাদ্য বিক্রেতা জনাব মোঃ শরিফুল ইসলাম, মৎস্যজীবী জনাব রঞ্জিত রাজবংশী এবং লিফ জনাব মোঃ সাইদুর আকন্দ মতবিনিময় সভায় আমন্ত্রণ জানানোর জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এরুপ সভায় অংশগ্রহণের ফলে তাদের প্রাপ্য সেবা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে মর্মে মতামত ব্যক্ত করেন। মৎস্যজীবীদের, আড়ৎদার ও খুচরা বিক্রেতাদের মৎস্য আইন বিষয়ে আরও বেশি সচেতনতা সভা আয়োজনের বিষয়ে তারা মতামত দেন। উপস্থিত মৎস্য চাষিরা আড়তে মাছ মাপার ক্ষেত্রে ডিজিটাল মিটারের ব্যবহার চালু করার ক্ষেত্রে মতামত দেন। মৎস্যচাষী জনাব মোঃ আমজাদ হোসেন মৎস্য দপ্তরের মাধ্যমে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে পরামর্শ দেন এবং দপ্তরের বিভিন্ন সেবা প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করেন।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

(১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে অংশীজনদের অংশগ্রহণে নিয়মিত অবহিতকরণ সভার আয়োজন করতে হবে।
(২) দপ্তর/সংস্থার উত্তমচর্চা সমূহ যথাযথ বাস্তবায়ন/প্রতিপালন করতে হবে।
(৩) প্রশিক্ষণ এবং পরামর্শ সেবা প্রদানের ক্ষেত্রে আরও বেশি মাঠ পর্যায়ে আয়োজনের ব্যবস্থা করতে হবে।
(৪) মৎস্য আহরণ ও বিপণনের সাথে সংশ্লিষ্ট সকলকে মৎস্য আইন বিষয়ে আরও সচেতনতা বৃদ্ধি করতে হবে। বিশেষ করে মৎস্য আড়তে ডিজিটাল মিটার ব্যবহার চালু করার ক্ষেত্রে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৫) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা গ্রহীতাদের প্রত্যাশা মোতাবেক স্বল্প সময়ে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
(৬) মা ইলিশ সংরক্ষণ অভিযান যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

পরিশেষে, উত্তমচর্চা/শুদ্ধাচার সংশ্লিষ্ট মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৮/০৯/২২

(মোঃ বায়েজিদ আলম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ফোন: +৮৮০২৫৮৮৮৩৩৮৯৬ (অফিস)
ইমেইল: sufoullahpara@fisheries.gov.bd

পরিশিষ্ট 'ক'

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভায় উপস্থিতি

তারিখ : ২৮/০৯/২০২২খ্রি.

সময় :বেলা ১০.৩০ ঘটিকা।

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ বায়েজিদ আলম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | |
| ২ | মোঃ জহিরুল ইসলাম | মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা | |
| ৩ | তাপস কুমার শীল | সম্প্রসারণ কর্মকর্তা | |
| ৪ | মোঃ আসলাম আলী | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | |
| ৫ | রনজিৎ রাজবংশী | মৎস্যজীবী | |
| ৬ | মোঃ শাহিন আলম | লিফ | |
| ৭ | মোঃ আনিসুজ্জামান | মৎস্য খাদ্য কারখানার প্রতিনিধি | |
| ৮ | মোঃ জাহাঙ্গীর আলম | মৎস্য খাদ্য কারখানার প্রতিনিধি | |
| ৯ | মোঃ হাতেম আলী | ~~লিফ~~ চাষি | |
| ১০ | মোঃ আমজাদ হোসেন | মৎস্যচাষি | |
| ১১ | মোঃ রেজাউল করিম | মৎস্যচাষি | |
| ১২ | মোঃ আজগর আলী | লিফ | |
| ১৩ | মোঃ সাইদুর রহমান | লিফ | |
| ১৪ | শ্রী সন্তোষ কুমার | মৎস্যজীবী | |
| ১৫ | মোঃ রফিকুল ইসলাম | মৎস্যচাষি | |
| ১৬ | শ্রী প্রভাত চন্দ্র | লিফ | |
| ১৭ | মোঃ লিটন মিয়া | লিফ | |
| ১৮ | মোঃ আশরাফুল আলম | লিফ | |
| ১৯ | মোঃ কাওসার আহমেদ | লিফ | |
| ২০ | মোঃ শরিফুল ইসলাম | মৎস্য খাদ্য বিক্রেতা | |

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভা

